

## বডি ব্যাগ

মখদুম আজম মাশরাফী

অন্ততঃ তোমরা তো ফিরে আসো বডিব্যাগে শুয়ে,  
কাঁধে চড়ে, বিমানের গহবরে, উড়ে  
নিজ ভূমে, যেখানে তোমার জন্ম, যেখানে তোমার বন্ধু-প্রিয়জন  
অশ্রুসিক্ত শোকাভিভূত প্রতীক্ষায় দাঁড়িয়ে নীরব।  
ফুল আর পতাকার আস্তরনে কাঁধে করে সামরিক সজ্জায় তোমার কমরেড  
তোমাকে বহন করে বিউগ্যুলের করণন বাজনায়ে।  
ড্রাম আর সেলুটের মাঝ দিয়ে তুমি যাও,  
নিষ্পন্দ-নিথর, ঘুচে যাওয়া পৃথিবীর সব লেনা-দেনা;  
সব গর্ব, সব অহংকার, সব বীর্য, সব উত্তেজনা।

যেন মনে হয়, তুমি কোন নিষ্পাপ শিশু !  
যেন মনে হয়, তোমার কোনদিন কোন হত্যার ট্রেনিং ছিল না,  
তুমি কোন দিন কোন কামান, গেনেড ছুয়েও দেখনি;  
তুমি ছিলে তুলসি ধোয়া বালক মাসুম।  
পরদেশে বাগিয়ে বন্দুক-বোমা গিয়েছিলে "হলিউড(?)" অভিযানে।  
বছর বছর ধরে শিশু, নারী, বৃদ্ধের লাশ সৎকারহীন  
পচে, গলে ঐখানে পড়ে থাকে পথে-প্রান্তরে, পাহাড়ে, গুহায়  
শংকার বাতাসে ওড়া মরু ময় ধুলির আস্তরে।  
শকুন পশুর দাঁতে ছিন্নভিন্ন ঔণ্ডলি লাশে  
সভ্যতার প্রতি সর্করণ মেলে দেয়া অসহায়, অবাক আর্তি  
জেগে থাকে জবাব বিহীন অজস্র প্রশ্নের বাতাসে।

বিউগ্যুল করণন মূর্ছনা তুলে শোকে ভরে দিগন্ত নীলিমা;  
সার্ভিসে বিন্যস্ত কালো সজ্জায় সবাই আনত থাকে; কেউ কেউ  
কালো চশমায় কি যেন লুকোয়!  
গৎ বাঁধা ভাষনে সাজানো প্রশংসার তালিকায় থাকে না কোন  
একটিও ভুলের উল্লেখ, যেন ফেরেস্তার চেয়ে শুদ্ধ উচ্চ-মানবিক।  
বডি ব্যাগে ফিরে আসা মৃতের স্বজন  
শিশু, নারী, বৃদ্ধ বা বৃদ্ধার বুকে জেগে থাকা ব্যথা, গৌরব, শোক  
কখনও কি ছুয়ে দেখে অন্য দেশে, অন্য শিশু, অন্য নারী,  
অন্য বৃদ্ধ-বৃদ্ধার শোক?  
কখনও কি গিয়েমেশে মরণদেশে, দূর গ্রামে সার্ভিসের শোক?  
কখনও কি এই শোক পারে রুখতে অন্য শোক  
অন্য দেশে অন্য কোন খানে?

মেলবর্ন, ৫সেপ্টেম্বর ২০১২